বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
**প্রশাসন-২ শাখা**
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।
www.roc.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- ২৬.০৬.০০০০.০০১.০৫.০০১.১৪/ ৫৪৫

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ
২০ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ পরিদপ্তরে নিবন্ধন এবং নিবন্ধন পরবর্তী কার্যক্রমে স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য নিম্নরুপ পদ্ধতিতে কার্যক্রম সম্পাদনের জন্য পদক্ষেপ নেওয়া হয়েছেঃ

১. যাবতীয় তথ্যাদিসহ দাখিলকৃত নিবন্ধনের প্রস্তাব সিটিজেন চার্টারে বর্ণিত সময় অনুযায়ী নিবন্ধিত হয়। কোন তথ্যাদি অসম্পূর্ণ থাকলে অনলাইনে অবহিত করা হবে। একটি ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে তা গ্রহণ শাখায় দাখিল করতে হবে।

২. শেয়ার হস্তান্তর সংক্রান্ত দলিলে পুনঃস্বাক্ষরের জন্য সংশ্লিষ্ট এক্সামিনার অব একাউন্টস/ইন্সপেক্টর কর্তৃক প্রদেয় তারিখ ও সময় অনুযায়ী আরজেএসসি'তে উপস্থিত হয়ে পুনঃস্বাক্ষর প্রদান করতে হবে।

৩. দাখিলকৃত রিটার্নের সমর্থনে রিকুইজিশন অনুযায়ী চাহিত কাগজপত্র/দলিলাদি ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে গ্রহণ শাখায় দাখিল করতে হবে। কোন অস্পষ্টতা থাকলে তা নিরসনের জন্য যথাযথ আইনগত প্রতিনিধি/কোম্পানির কর্মকর্তা সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে বিকাল ৩.০০ টার মধ্যে সাক্ষাত করা যাবে।

৪. পরিদপ্তর নতুন উন্নয়নকৃত AI base সফটওয়্যার এর মাধ্যমে সহসাই স্বয়ংক্রিয় রেজিস্ট্রেশন চালু হতে যাচ্ছে।

৫. জুলাই, ২০২৪ হতে AI base সফটওয়্যার এর মাধ্যমে শেয়ার হস্তান্তরসহ যাবতীয় রিটার্ন দাখিল করা সম্ভব হবে এবং শেয়ার হস্তান্তরে গ্রাহককে ব্যক্তিগত ভাবে উপস্থিতির প্রয়োজন হবে না।

৬. কোম্পানি আইন, ১৯৯৪ এর ২৫ এর ২ ধারায় বর্ণিত ব্যক্তিগণ যথাযথ ওকালতনামা/ক্ষমতাপত্র প্রদান সাপেক্ষে পরিদপ্তরে নিবন্ধনসহ নিবন্ধন পরবর্তী যাবতীয় কার্যক্রম সম্পাদন করার পরামর্শ দেওয়া হলো।

২০/০৫/২০২৪

(মোঃ মিজানুর রহমান এনডিসি)
রেজিস্ট্রার (অতিরিক্ত সচিব)